

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো গোপনে-প্রকাশ্যে সবসময় ইবাদতে লেগে থাকা যাতে তার মাধ্যমে সে পরকালে নাজাত পেতে পারে

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ لُزُومِ الْعِبَادَةِ فِي السِّرِّ وَالْعَلَانِيَةِ رَجَاءَ النَّجَاةِ فِي الْعُقْبَى بِهَا الْعُقْبَى بِهَا

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدِ قَالَ: حَدَّثَنَا هَمَّامُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا قَتَادَةُ عَنْ أَنسِ بْنِ مَالِكِ عَنْ مُعَاذِ بْنِ جَبَلِ , قَالًَ: كُنْتُ رَدِيفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا بَيْنِي وَبَيْنَهُ إِلَّا مُؤْخِرَةُ الرَّحْلِ فَقَالَ: (يَا مُعَاذُ) قُلْتُ: لَبَيْكَ يَا رَسُولَ اللَّهِ وَسَعْدَيْكَ قَالَ: (هَلْ تَدْرِي مَا حَقُ سَارَ سَاعَةً ثُمَّ قَالَ: (هَلْ تَدْرِي مَا حَقُ الْقِبَادِ؟) قُلْتُ: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ: (أَنْ يَعْبُدُوهُ وَلَا يُشْرِكُوا بِهِ شَيْئًا) قَالَ: ثُمَّ سَارَ سَاعَةً ثُمَّ قَالَ: (هَلْ تَدْرِي مَا حَقُ الْعِبَادِ؟) قُلْتُ: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ: (أَنْ يَعْبُدُوهُ وَلَا يُشْرِكُوا بِهِ شَيْئًا) قَالَ: ثُمَّ سَارَ سَاعَةً ثُمَّ قَالَ: (هَلْ تَدْرِي مَا حَقُ الْعِبَادِ عَلَى اللَّهِ إِذَا فَعَلُوا ذَلِكَ)؟ قُلْتُ: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ: (الله إِذَا فَعَلُوا ذَلِكَ أَنْ لَا يُعَذَبُهُمْ.) وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ: (المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : مُعَاذ بْن جَبَلِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصان على صحيح ابن حبان

বাংলা

৩৬৩. মু'আয বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বাহনের পেছনে আরোহন করছিলাম। আমার ও তাঁর মাঝে হাওদার কাষ্ঠ ব্যতিত আর কোন ব্যবধান ছিল না। তিনি আমাকে বলেন: "হে মুয়ায!" আমি বললাম: "আমি আপনার এবং আপনার সন্তুষ্টির কাজে সদাপ্রস্তত!" রাবী বলেন, তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিছুক্ষণ চললেন তারপর বললেন: "হে মুয়ায!" আমি বললাম: "আমি আপনার এবং আপনার সন্তুষ্টির কাজে সদাপ্রস্তত!" তিনি বলেন: "তুমি কি জানো বান্দার উপর আল্লাহর কী হক রয়েছে " আমি বললাম: "আল্লাহ ও তদীয় রাসূলই (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ভালো



জানেন।" তিনি বলেন: "বান্দার উপর আল্লাহর হক হলো তারা তাঁর ইবাদত করবে এবং তাঁর সাথে কোন কিছুকেই শরীক করবে না।" রাবী বলেন, এরপর তিনি আবার কিছুক্ষণ পথ চলেন, এবং তারপর বলেন: "তুমি কি জানো বান্দা যখন সেটা আমল করবে, তখন আল্লাহর উপর বান্দার কী হক থাকবে?" আমি বললাম: "আল্লাহ ও তদীয় রাসূলই (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ভালো জানেন।" তিনি বলেন: "বান্দা যখন সেটা আমল করবে, তখন আল্লাহর উপর বান্দার হক হলো আল্লাহ তাদের শাস্তি দিবেন না।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৫৯৬৭; সহীহ মুসলিম: ৩০; তাবারানী আল কাবীর: ২০/৮১; মুসনাদ আহমাদ: ৫/২৪২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০৫৪৬; তিরমিযী: ২৬৪৩; ইবনু মাজাহ: ৪২৯৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২৩০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন